সংবাদ

তারিখ ... 27 JUN 2016 ..
পৃষ্ঠা ...৩... কলাম ৭ ... ......

### সুন্দরগঞ্জে সর. বালক বিদ্যালয়

# সামান্য বৃষ্টিতেই জলাবদ্ধ স্কুল : লেখাপড়া ব্যাহত

**প্রতিনিধি, সুন্দরগঞ্জ (গাইবান্ধা)**

গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলার একমাত্র সরকারি আ. মজিদ বালক উচ্চ বিদ্যালয়টি জলাবদ্ধতার শিকার হওয়ায় শিক্ষক-শিক্ষার্থীরা চরম ভোগান্তিতে পড়েছেন। জানা গেছে, ১৯৩৮ সালে এলাকার শিক্ষানুরাগী ব্যক্তিগণের প্রচেষ্টায় তৎকালীন গাইবান্ধা মহকুমা প্রশাসক মো. আ. মজিদ সাহেবের সার্বিক তত্ত্বাবধানে তাঁর নামকরণে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে অত্র এলাকায় শিক্ষা প্রসারে বলিষ্ট ভূমিকা রাখছে। পরবর্তীতে ১৯৮৫ সালে বিদ্যালয়টি জাতীয়করণ হয়। পৌর শহরে অবস্থিত বিদ্যালয়টিতে ৯ জন শিক্ষক ৫ শতাধিক ছাত্রকে পাঠদান করে আসছেন। এদিকে বিদ্যালয়টি ঘিরে অবস্থিত ফুটবল খেলার মাঠে সকল জাতীয় দিবসের কর্মসুচি পালনসহ খেলা-ধুলা হয়ে থাকে। কিন্তু পানি নিস্কাশনের কোন ব্যবস্থা না থাকায় সামান্য বৃষ্টিতেই বিদ্যালয় মাঠ ও খেলার মাঠ জলাবদ্ধতার শিকার হয়। এতে করে ছাত্র-শিক্ষকের যাতায়াত ও পড়াশুনার পরিবেশ মারাত্মকভাবে বিনষ্ট হচেছ। তাই এলাকাবাসি ও বিদ্যালয় কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে বিদ্যালয় মাঠের পানি নিস্কাশনের ব্যবস্থা নেয়ার দাবী জানান।